বছরব্যাপী বীমা শিল্পে অসম তীব্র প্রতিযোগিতা এবং স্থবির বিনিয়োগ পরিস্থিতির মাঝেও ২০১৬ সালে আমরা কিছু কিছু ক্ষেত্রে সন্তোষজনক উন্নতি সাধন করেছি, যা' আপনাদের সদয় অবগতির জন্য সংক্ষিপ্তভাবে তুলে ধরছি।

- ২০১৬ সালে গ্রস প্রিমিয়াম ৪৭৭.৬৯ মিলিয়ন টাকা অর্জিত হওয়ায় গ্রস প্রিমিয়াম আয় ৫.৩০% বৃদ্ধি পেয়েছে।
- নীট প্রিমিয়াম অর্জিত হয়েছে মোট ৩১৯.৬৩ মিলিয়ন টাকা যা গত বছরের তুলনায় ৩.৭২% বৃদ্ধি পেয়েছে।
- অবলিখন খাতে ২০১৬ সালে লাভ হয়েছে ৬৪.৪৬ মিলিয়ন টাকা যেখানে ২০১৫ সালে ক্ষতি হয়েছিল ৪২.১৩ মিলিয়ন টাকা।
- কর পূর্ব নীট মুনাফা বৃদ্ধির হার দাঁড়ায় ২৬.৪২, যেখানে সুদ এবং অন্যান্য আয় পূর্ববর্তী বছরের তুলনায় ৭.৬৬% হ্রাস পেয়েছিল।

Respected Shareholders,

Assalamu Alaikum,

It is my great pleasure to welcome you all at the 17th Annual General Meeting of Asia Insurance Limited.

I would take this opportunity to inform you that your Company, Asia Insurance Limited, has passed another successful year in the face of complex challenges. Despite stiff and unhealthy competition in the non-life insurance during the year and stagnant investment activities, we succeeded in achieving improved results. For the year 2016, we are pleased to report briefly the following:

- A record 5.30% increase in gross premium which now amounts to 477.69 million Taka.
- A record Net Premium earning of 319.63 million Taka which is 3.72% higher than that of last year.
- Underwriting Profit stood at 64.46 million Taka in place of loss of 42.13 million Taka in 2015.
- Net profit before tax increased by 26.42% despite decrease of Interest & others income by 7.66%.

- শেয়ার প্রতি আয় অর্থাৎ ঊচঝ ৩৪.৭১% বৃদ্ধি পেয়েছে।
- মোট সম্পদ ১৫৩৫.০৭ মিলিয়ন টাকা থেকে ১৬৪৬.৮২ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে যার বৃদ্ধির হার ৭.২৮%।

আমাদের আইটি অবকাঠামো আরও শক্তিশালী করার জন্য Integrated Insurance Management System স্থাপন করা হয়েছে। এতে করে আমাদের ২২টি শাখায় স্বয়ংক্রিয় অনলাইন সফটওয়ার স্থাপনের মাধ্যমে সম্মানীত বীমা গ্রাহকদের স্বচ্ছ পদ্ধতিতে দ্রুত সময়ে অধিকতর উন্নত সেবা প্রদান করা সম্ভব হচ্ছে।

প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ,

আপনারাও আমার সাথে একমত হবেন যে, এশিয়া ইন্সুরেন্স লিমিটেড এর সম্মানিয় পরিচালনা পর্ষদের সুনাম, সততা, পেশাদারিত্ব সত্যিকার অর্থেই আমাদেরকে শক্তি ও সাহস যোগায় এবং অনুপ্রেরনা দেয়। কোম্পানীর এ সুযোগ্য এবং দূরদৃষ্টি সম্পন্ন পরিচালনা পর্ষদের সহযোগিতার কারনেই বর্তমানে আপনাদের কোম্পানি পরিচালনায় বৃহত্তর সফলতা অর্জিত হয়েছে । আপনাদের কোম্পানির এটুকু সফলতা সম্ভব হয়েছে মূল্যবান বীমা গ্রাহক, বিচক্ষন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, সকল কর্মকর্তা ও কর্মচারীদের কঠোর পরিশ্রম, সকল শেয়ার হোল্ডার এবং নিয়ন্ত্রনকারী সংস্থার সহযোগিতার ফলে।

আমরা সর্বদাই কোম্পানির দীর্ঘমেয়াদে টেকসই ও সুদৃঢ় আর্থিক ভিত্তিকে অগ্রাধিকার দিয়ে থাকি। এছাড়া, আমাদের অন্যতম লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে আমাদের সকল বীমা সেবা সমূহ, কার্যক্রম(Activities) ও প্রক্রিয়া(Processes), পদ্ধতি(Procedures), অনুশীলন ও চর্চা(Practice) এবং মানব সম্পদের ক্রমাগত মান উন্নয়ন করা (Continual Improvement)|

আমরা বিশ্বাস করি যে পূর্ববর্তী বছর সমূহের অর্জন সমূহ আগামীতে কোম্পানিকে আরো সুদৃঢ় অবস্থানে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখবে। আমাদের কৌশলগত দিক হচ্ছে, যে সব ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বীর তুলনায় আমাদের অবস্থান সুবিধাজনক এবং যে সব ক্ষেত্রে আমরা দ্রুত প্রবৃদ্ধি ঘটাতে পারবো সেগুলোর প্রতি অগ্রাধিকার ভিত্তিতে দৃষ্টি দেয়া।

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে আমাদের ব্যবসার সকল ক্ষেত্রে সুদৃঢ় উন্নতির জন্য আমাদের কৌশলগত পরিকল্পনা সঠিকভাবে পরিচালিত হচ্ছে। টেকসই উন্নতির ক্ষেত্রে বর্তমানে বিনিয়োগ পরিস্থিতি এবং বীমা শিল্পের ভারসাম্যহীন প্রতিযোগিতামূলক বাজারে আমরা সময়ের সাথে সামনের দিকে অগ্রসর হচ্ছি।

আমি ২০১৬ সালকে অনেক দিক থেকে একটি সাফল্যের বছরে পরিনত করার জন্য সকল সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, গ্রাহক

- Increase of Earnings per Share (EPS) by 34.71%.
- Increase of total Asset by 6.79% from 1535.07 millionTaka to 1646.82 millionTaka.

Our IT infrastructure has further been strengthened by installing Integrated Insurance Management System for providing better and quicker service to our clients in a very transparent manner. All of our 22 branch offices have been automated and brought under online support all over the country.

Honb`le owners,

You will agree that our greatest strength is the professionalism, reputation and integrity of our Hon'ble Board of Directors. We are grateful for the strategic support and sense of direction provided by the Board to steer the Company to a greater success.

The success of your Company has been possible also because of the co-operation from our valued clients, prudence of the management, hard work of all the officers and staff and co-operation of all other shareholders & regulators over the year.

We always prioritize our long term financial goals and sustainable growth in our business operations. Besides, it is our objective to maintain and continually improve quality of insurance services, activities, processes, procedures and Human Resource development.

We believe the gains during the preceding year will help us to achieve better position of the Company in near future. Our strategy is to enhance strength by focusing on areas where we have an advantage at present and where we can grow faster than our competitors in the days to come.

We firmly believe that we have been in the right track of our strategic planning for steady growth in all areas of our business. Despite economic disruptions and imbalanced competition in the insurance market, we are moving forward in line with our strategies for sustainable growth in all aspects. Insha-Allah we will reach at our goals in the long run. We are marching forward with prudence, not aggressively for camouflaged growth indeed.

এবং সংশ্লিষ্ট সকল নিয়ন্ত্রনকারী সংস্থাকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। সারা বছর জুড়ে বিচক্ষন দিক নির্দেশনা ও পরামর্শ প্রদানের জন্য আমাদের সর্বজন শ্রদ্ধেয় সুযোগ্য চেয়ারম্যান মহোদয় সহ সম্মানীয় পরিচালকমন্ডলীর সকল সদস্যদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি ।

পরিশেষে, আমি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি আমার প্রিয় সকল সহকর্মীকে যারা দেশের প্রতিকূল বীমা বাজারে কঠোর পরিশ্রম, দক্ষতা ও নিবেদিত সেবার মাধ্যমে কোম্পানির সফলতার আরো একটি বছর অতিক্রম করার জন্য আমাকে সমর্থন দিয়েছেন ও সাহস যুগিয়েছেন। আমরা আরো একটি সফল ২০১৭ সাল প্রত্যাশা করছি।

মহান আল্লাহ্ তা'য়ালা আপনাদের সবাইকে মঙ্গলময় রাখুন !

আপনাদের সবাইকে ধন্যবাদ ও সালাম জানিয়ে এখানে বক্তব্য শেষ করছি।

আল্লাহ হাফেজ।

মো: ইমাম শাহীন
মূখ্য নির্বাহী কর্মকর্তা

I sincerely convey my thanks to all our shareholders, clients and all regulators for reposing their unshakable trust and confidence on us in making the year 2016 a successful one. I also express my heartfelt gratitude to the Hon'ble Chairman along with all the Board member for their prudent guidelines and support round the year.

Finally, I express my thanks and appreciation to all my dear colleagues for their hard work, dedication and sincerity to achieve the business objectives of the Company in the face of a tough competitive environment. We are all looking forward for a better 2017.

May Allah bless us all.

Md. Imam Shaheen
Managing Director & CEO

Events of AIL in Pictures



The 16th Annual General Meeting of the Company was held at Spectra Convention Centre, Gulshan, Dhaka on 11 June, 2016. Mr. Alamgir Kabir FCA, Hon,ble Director of the Company presided over the meeting which was attended by the members of the Board of Directors and shareholders.



Mr. Md. Imam Shaheen, Managing Director & CEO is seen addressing in the 16th General Meeting.

Events of AIL in Pictures



Partial view of the 16th Annual General Meeting.



Md. Imam Shaheen, Managing Director & CEO is welcoming Mr. Yussuf Abdullah Harun FCA, Chairman of the Company in the Annual Business Conference 2016 held at Lake Castle Hotel, Gulshan, Dhaka.

Events of AIL in Pictures



Honorable Chairman Yussuf Abdullah Harun FCA & MP is Seen addressing in the Annual Business Conference of the Company held at Lake Castle Hotel, Gulshan, Dhaka.



Mr. Mahbubul Alam, Vice Chairman of The Asia Insurance Ltd. and President of The Chittagong Chamber of Commerce and Industry is seen addressing in the Annual Business Conference.

Events of AIL in Pictures



Md. Imam Shaheen, Managing Director & CEO of the Company is seen addressing in the Annual Business Conference of the Company held at Lake Castle Hotel, Gulshan, Dhaka.



Mr. Md. Imam Shaheen, Managing Director & CEO is seen to address on Prevention of Money Laundering and terrorist financing through General Insurance system in presence of all Branch Manager's and Senior Executive of the Company.

Events of AIL in Pictures



Honorable Minister for Industries Mr. Amir Hossain Amu is seen to visit the Asia Insurance Stall in International SME Fair, Bangladesh held at the World Trade Centre, Chittagong while Mr. Mahbubul Alam, Vice Chairman of the Company was present on the occasion.



Mr. Mahbubul Alam, Vice Chairman of the Company and President of Chittagong Chamber of Commerce and Industry is seen handing over a certificate for active participation of Asia Insurance Limited in the International SME Fair 2016 held at the World Trade Centre, Chittagong.

Events of AIL in Pictures



Partial view of the meeting with the Branch Anti Money Laundering compliance officers held at local Hotel, Dhaka.



Mr. Md. Imam Shaheen, Managing Director & CEO of Asia Insurance Limited is seen handing over a cheque to Mr. Belayet Hossain, Senior Deputy Managing Director of Bashundhara Group.

Events of AIL in Pictures



A Marine claim cheque was handed over by Md. Imam Shaheen, Managing Director & CEO of the Company to Mr. Mohammad Salman, Managing Director of Taqwa Fabrics Ltd.



Md. Imam Shaheen, Managing Director & CEO of the Company is seen to exchange his views with the business development partners at the local Hotel, Sylhet.

Events of AIL in Pictures



Captain P J ULLah, Managing Director, Rupayan Housing Estate Ltd. is seen to discharging the Ownership deed documents to Mr. Md. Imam Shaheen, Managing Director & CEO of Asia Insurance Limited. for purchasing Head Office space (21,507 sft) at Rupanyan Trade Centre, 14th Floor, Kazi Nazrul Islam Avenue, Bangla Motor, Dhaka.

পরিচালক পরিষদের প্রতিবেদন

পরিচালক পরিষদের প্রতিবেদন

বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম

প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ,

আস্‌সালামু আলাইকুম ।

এশিয়া ইন্স্যুরেন্স লিমিটেডের পরিচালনা পরিষদ কোম্পানীর সতেরতম বার্ষিক সাধারন সভায় আপনাদের সাদর সম্ভাষন জানাচ্ছে এবং কোম্পানীর সামগ্রিক কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন ও নিরীক্ষকের প্রতিবেদন সহ ৩১শে ডিসেম্বর'২০১৬ইং তারিখে সমাপ্ত বছরের আর্থিক বিবরনী আপনাদের সম্মুখে উপস্থাপন করতে পেরে অত্যন্ত আনন্দবোধ করছে ।

সম্মানীত শেয়ারহোল্ডারবৃন্দ,

আজকের বার্ষিক সাধারন সভায় পেশকৃত আর্থিক বিবরনীতে রয়েছে স্থিতিপত্র, লাভ-ক্ষতির হিসাব, রাজস্ব হিসাব, নগদ প্রবাহের হিসাব বিবরনী, শেয়ারহোল্ডার ইকুইটি ও নোটস্ টু একাউন্টস ছাড়াও তুলে ধরা হয়েছে বিশ্ব অর্থনীতি ও বাংলাদেশের অর্থনীতির সংক্ষিপ্ত পর্যালোচনা সহ দেশের ইন্স্যুরেন্স সেক্টর ও বীমা কোম্পানী হিসাবে অত্র কোম্পানীর সামগ্রিক কার্যক্রম এবং বাংলাদেশ পুঁজিবাজার ও কোম্পানীর শেয়ার এর সংক্ষিপ্ত তথ্যাদি ।

বিশ্ব অর্থনীতি ঃ

২০১৬ইং সালে বিশ্ব অর্থনীতি কিছুটা ম্লান থাকলেও চলতি ২০১৭ইং ও আগামী ২০১৮ইং সালে বিশ্ব অর্থনীতি ঘুরে দাঁড়াবে বলে মনে করছে অর্থনৈতিক বিশেজ্ঞরা । আই. এম.এফ মনে করে ২০১৭ইং সালে উদীয়মান ও উন্নয়নশীল দেশগুলোর অর্থনৈতিক গতি বাড়বে আর তাতেই নতুন গতি পাবে বিশ্ব অর্থনীতি ।

অপরদিকে, আই.এম.এফ মনে করে ২০১৭ইং সালে বিশ্ব অর্থনীতির প্রবৃদ্দি ৩.৪ শতাংশ হবে এবং ২০১৮ইং সালে ৩.৬ শতাংশ হবে । আন্তজার্তিক বাজারে তেলের দাম কিছুটা বাড়ায় রাশিয়ার অর্থনৈতিক গতি বাড়বে বলে মনে করা হচ্ছে । অন্যদিকে, ভারতের প্রবৃদ্ধি ২০১৬ইং সালের অক্টোবর মাসে পূর্বভাস করা হয় ২০১৭ইং সালে ভারতের প্রবৃদ্ধি হবে ৭.৯ শতাংশ কিন্তু জানুয়ারী'২০১৭ইং এ ভারতের প্রবৃদ্ধির পূর্বাভাস কমানো হয়েছে । অর্থাৎ তা' ৭.২ শতাংশ হবে বলে আই. এম.এফ মনে করছে । তা' ছাড়া ভারতে ৫০০ ও ১০০০ রুপির নোট বাতিলের তাৎক্ষনিক সিদ্ধান্ত ক্ষুদ্র ও মাঝারী ব্যবসার নগদ লেনদেন ভিত্তিক খাতকে ক্ষতিগ্রস্ত করেছে।

এছাড়া ইন্দোনেশিয়া ও থাইল্যান্ডে বেসরকারী বিনিয়োগ কমে যাওয়া এবং পর্যটন খাত ও অভ্যন্তরীন ভোগ হ্রাস পাওয়ায় প্রবৃদ্ধির পূর্বাভাস কমানো হয়েছে । জাপানে এ বছর শূন্য দশমিক ৮ ও আগামী বছর শূন্য দশমিক ৫ ভাগ প্রবৃদ্ধি হতে পারে । এছাড়া মার্কিন যুক্তরাষ্ট্রে এ বছর ২.৩ ও আগামী বছর ২.৫০ শতাংশ প্রবৃদ্ধি হতে পারে বলে মনে করে আই. এম.এফ । অপরদিকে, বিশ্ব ব্যাংকের সামগ্রিক এক পূর্বাভাসে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ৬.৮ শতাংশ হবে বলে জানিয়েছে।

অনিশ্চয়তা ও ঝুঁকি বৃদ্ধি মোকাবেলা করে বৈশ্বিক অর্থনীতি ২০১৬ সালের জড়তা কাটিয়ে উঠে ২০১৭ সালে এগিয়ে যাবে বলে আশা করা হলেও সাপ্রতিক সময়ে বিশ্বব্যাপী সন্ত্রাস ও জঙ্গীবাদে বিস্তৃতি, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে ক্ষমতার পালাবদল এবং একদিকে সিরিয়ায় আইএসএর উত্থান ও গৃহযুদ্ধ অন্যদিকে সম্প্রতি কোরীয় উপদ্বীপে যুদ্ধ পরিস্থিতি দেখা দেওয়ায় বিশ্ব অর্থনীতিতে এক অনিশ্চয়তার আশংকা ভর করেছে। যা' বিশ্ব অর্থনীতির সামগ্রিক কর্মকান্ডের গতিধারাকে ব্যাহত করবে।

বাংলাদেশের সামষ্টিক অর্থনীতি ঃ

একটি দেশের সাধারন মানুষের জীবনযাত্রার মান, ভোগ, বিনিয়োগ, সঞ্চয়, কর্মসংস্থান ও মূল্যস্ফীতির হারে উপর নির্ভর করে সে দেশের সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা ।

উপরে উল্লেখিত ছয়টি উপাদানের বছর ভিত্তিক ধারাবাহিক পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশের সামষ্টিক অর্থনীতির সূচক গুলো অনেকাংশে ইতিবাচক এবং স্বাধীনতা উত্তর কালের সকল সময়ের চেয়ে বর্তমানে বাংলাদেশের অর্থনীতি সবচেয়ে ভালো অবস্থানে রয়েছে ।

প্রতিকূল বিশ্ব বাস্তবতার মাঝেও দক্ষিন এশিয়ার মধ্যে বাংলাদেশের সর্বোত্তম সামষ্টিক অর্থনৈতিক সাফল্য আন্তর্জাতিক ভাবে বিভিন্ন রাষ্ট্র ও সংস্থার নজর কেড়েছে । বাংলাদেশ আজ অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে যে পারঙ্গমতার পরিচয় দিয়েছে, তা' বিশ্ব ব্যাপী প্রশংসিত হয়েছে ।

আশির দশকের মাঝামাঝি থেকে বর্তমান সময় পর্যন্ত বাংলাদেশের অর্থনৈতিক ক্ষেত্রে যেসব অর্জন তার একটি চিত্র নিম্নে বিবৃত হলো ঃ

ক) প্রতি পাঁচ বছরে বাংলাদেশের প্রবৃদ্ধির হার বেড়েছে। বর্তমানে প্রবৃদ্ধির হার ৬ শতাংশের উপর । অন্যদিকে, এই সময়ে জনসংখ্যার হার কমেছে । যেটি এক সময় ৩ শতাংশের বেশি ছিল, বর্তমানে তা' ১.৪ শতাংশ । এর ফলে আশির দশকের মাঝামাঝি থেকে এখন পর্যন্ত আমাদের মাথা পিছু আয় তিন গুন বেড়েছে ।

খ) জাতীয় উৎপাদনের আনুপাতিক হার হিসাবে বিনিয়োগের অবদান বেড়েছে । আশির দশকের মাঝ হতে পরবর্তী সময়ে ব্যাক্তি খাতের অবদানকে গুরুত্ব দিয়ে ব্যক্তি উদ্যোগে বিনিয়োগের প্রতি নজর দেয়া হয়েছে । ফলে ১৯৮৫ সালে সার্বিক বিনিয়োগের ৩৭ শতাংশের নিচে ব্যাক্তি খাতের অবদান থাকলেও বর্তমানে তা' ৮০ শতাংশের উপরে ।

গ) পর্যায়ক্রমে বৈদেশিক সাহায্যের উপর নির্ভরশীলতা কমেছে । এক্ষেত্রে জাতীয় উৎপাদনের আনুপাতিক হার হিসাবে বর্তমানে আশির দশকের মধ্যবর্তী সময়ের তুলনায় তিনগুন কমেছে । জি.ডি.পি.র আনুপাতিক হার হিসাবে সেটি দুই শতাংশের নিচে নেমে এসেছে ।

ঘ) রফতানী খাতে আমাদের প্রশংসনীয় অগ্রগতি হয়েছে এবং জাতীয় উৎপাদনের আনুপাতিক হারে রফতানী আয় উল্লেখযোগ্য মাত্রায় বেড়েছে ।

ঙ) বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের পাঠানো রেমিটেন্স/অর্থও আমাদের জাতীয় অর্থনীতিতে বিশেষ অবদান রাখতে সক্ষম হয়েছে ।

চ) কৃষি খাতে বাংলাদেশের উৎপাদনশীলতা অনেক বেড়েছে। একর প্রতি উৎপাদন আশির দশকের মধ্যবর্তী সময়ের তুলনায় বর্তমানে প্রায় দ্বিগুনেরও বেশি, যার ফলে আমরা খাদ্যে প্রায় স্বয়ংসম্পূর্নতা অর্জন করতে পেরেছি ।

ছ) দেশের মোট জনসংখ্যার আনুপাতিক হারে দারিদ্র সীমার নিচে বসবাসকারী লোকের সংখ্যা উল্লেখযোগ্য মাত্রায় কমেছে । বর্তমানে এটি ২৫ শতাংশের প্রায়, আশির দশকের মাঝামাঝিতে তা' ছিল ৭৫-৮০ শতাংশ ।

উপরে বর্নিত বিষয়গুলো হতে অর্থনৈতিক ক্ষেত্রে বাংলাদেশের উন্নয়ন ও অগ্রগতির একটি সামগ্রিক চিত্র পাওয়া যায় । যা' আজ বিশ্বব্যাপী প্রশংসিত ।

মাথাপিছু আয়, মানব সম্পদ এবং অর্থনৈতিক সূচকে সামনের বছর গুলোতে বাংলাদেশ আরও অগ্রগতি অর্জন করবে এতে সন্দেহ নেই । কারন জি.ডি.ডি প্রবৃদ্ধি, রেমিটেন্স, খাদ্য নিরাপত্তা ও মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল (এম.জি.ডি) এর সামগ্রিক সূচকে বাংলাদেশের অর্জন প্রশংসনীয়। বাংলাদেশের অগ্রগতি পর্যবেক্ষনের পরিপ্রেক্ষিতে জাতিসংঘের উন্নয়ন নীতিমালা বিষয়ক কমিটি ২০২১ইং সালে বাংলাদেশকে স্বল্পোন্নত দেশ হতে উত্তরনের সুপারিশ করবে বলে আশা করা যায়।

আশা করা যায় যে, একটি অগ্রসরমান দেশ হিসাবে বাংলাদেশ ২০২১ইং সালের মধ্যেই মধ্য আয়ের একটি দেশে উন্নীত হবে । যা' দেশের জন্য সম্মানের । তবে স্বল্পোন্নত দেশে হতে বেরিয়ে আসার সাথে সাথে আমরা বেশ কিছু সুবিধা হতে বঞ্চিত হবো । এই সব সুবিধার মধ্যে অন্যতম হচ্ছে শুল্ক মুক্ত সুবিধা । এছাড়া বানিজ্য সংক্রান্ত মেধা স্বত্ব আইন বা ট্রি পাস এবং বানিজ্য সংক্রান্ত বিশেষ সুবিধাগুলোও বাংলাদেশ মধ্য আয়ের দেশে উন্নীত হলে আর পাবে না ।

বাংলাদেশর অর্থনীতি আজ একটি মধ্য আয়ের উন্নয়নশীল এবং স্থিতিশীল অর্থনীতি । সরকারের দরিদ্র বান্ধব কর্মসূচী এবং পরিকল্পনার কারনে দারিদ্রের হার কমার পাশাপাশি আজ বৈষম্যও কমেছে । যা' বর্তমান বিশ্বে একটি ব্যতিক্রমী ঘটনা । মানব উন্নয়ন সূচকেও বাংলাদেশ বিগত কয়েক বছরে অনেক দূর এগিয়েছে । শিক্ষায় নারী পুরুষের সমতার সুযোগ, দেশের শ্রম শক্তিতে ৩৩% এর উপর নারীর অংশ গ্রহন, সকল জনগনের স্বাস্থ্য, নিরাপদ পানি সরবরাহ এবং স্যানিটেশন সুযোগ দেশের সামাজিক খাতের অগ্রগতিকে ত্বরান্বিত করেছে ।

সরকারের সামগ্রিক কার্যক্রমের মূল্যায়ন শেষে ২০১৫-২০১৬ইং অর্থ বছরের ডিসেম্বর পর্যন্ত দেশের সামষ্টিক অর্থনীতির বিভিন্ন সূচকের যে গতি প্রকৃতি দেখা যায় তা' নিম্নরূপ ঃ

প্রকৃত খাত ঃ প্রবৃদ্ধি সঞ্চালক উৎপাদন সমূহের মধ্যে জুলাই -ডিসেম্বর, ২০১৬ইং সময়ে বেসরকারী খাতে ঋন প্রবাহের প্রবৃদ্ধি হয়েছে ১৫.২ শতাংশ (জুলাই -অক্টোবর); বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের হার ডিসেম্বর ২০১৬ইং পর্যন্ত দাঁড়িয়েছে ২৭.৬ শতাংশে। যা' গতবছর একই সময় ছিল ২৩.৫ শতাংশ; এবং জুলাই- অক্টোবর , ২০১৬ ইং সময়ে নীট বিদেশি সরাসরি বিনিয়োগ এসেছে ০.৫৮ বিলিয়ন মার্কিন ডলার। গত অর্থবছরের একই সময় যা ছিল ০.৫৩ বিলিয়ন মার্কিন ডলার।

রাজস্ব খাত ঃ জুলাই- অক্টোবর, ২০১৬ইং সময়ে মোট রাজস্ব সংগ্রহ হয়েছে ৪৯ হাজার ৮৭০ কোটি টাকা, পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে যা ছিল ৪২ হাজার ৩৫০ কোটি টাকা।

মূদ্রা ও আর্থিক খাত ঃ নভেম্বর, ২০১৬ইং শেষে ব্যাপক মূদ্রা সরবরাহ ও নীট অভ্যন্তরীন ঋনের বছর ভিত্তিক প্রবৃদ্ধি ছিল যথ াক্রমে ১৩.৭৫ শতাংশ ও ১২.০ শতাংশ । বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ মূদ্রানীতি বিবৃতিতে ডিসেম্বর ২০১৬ইং শেষে ব্যাপক মূদ্রা সরবরাহ ও নীট অভ্যন্তরীন ঋনের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে যথাক্রমে ১৫.৫ শতাংশ ও ১৬.৪ শতাংশ। এদিকে

ব্যাপক ঋণ প্রদানের সুদের হার বর্তমানে ক্রমান্বয়ে কমে আসছে।

বহিঃখাত ঃ বহিঃখাতে রপ্তানি, আমদানি, প্রবাসী আয় ও লেনদেন ভারসাম্যের সাম্প্রতিক চিত্রে দেখা যায়, জুলাই -ডিসেম্বর,২০১৬ইং সময়ে রপ্তানি আয় হয়েছে ১৬.৮০ বিলিয়ন মার্কিন ডলার (প্রবৃদ্ধি ৪.৪৪%), বিগত অর্থবছরের একই সময় যা ছিল ১৬.০৮ বিলিয়ন মার্কিন ডলার (প্রবৃদ্ধি ৭.৮৪%) ।

জুলাই- নভেম্বর, ২০১৬ ইং সময়ে আমদানি ব্যয়ের (সিএন্ডএফ) পরিমান দাঁড়িয়েছে ১৮.৬২ বিলিয়ন ডলার (প্রবৃদ্ধি ৯.৫ শতাংশ), বিগত অর্থ বছরের একই সময় এর পরিমান ছিল ১৭.০ বিলিয়ন ডলার (প্রবৃদ্ধি ৫.৫ শতাংশ);

জুলাই- নভেম্বর, ২০১৬ইং সময়ে চলতি হিসাবে ঘাটতি দাঁড়িয়েছে ৭২৬ মিলিয়ন মার্কিন ডলার । যা' ব্যাংকিং চ্যানেলে প্রবাসী আয় কমার কারনে হয়েছে বলে ধারনা করা হয় । এদিকে, ৩১ ডিসেম্বর ২০১৬ইং তারিখে বৈদেশিক মুদ্রার রিজার্ভ দাঁড়ায় ৩২.০ বিলিয়ন ডলারে, যা' আগের বছর একই সময়ে ছিল ২৭.৫ বিলিয়ন ডলার, ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে ডলারের বিপরীতে টাকার মূল্যমান ছিল ৭৮.৭৫ টাকা । যা' পূর্ববতী বছরের একই সময়ান্তে প্রায় কাছাকাছি ছিল। অর্থাৎ ডলারের বিপরীতে টাকার মূল্যমান ছিল ৭৮.৭২ টাকা ।

বাংলাদেশের এই অগ্রযাত্রা এবং অর্জিত সাফল্য ধরে রাখার পাশাপাশি উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে দেশের রাজস্ব সংস্কৃতি গড়ে তোলা প্রয়োজন এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অধিকতর কার্যকারিতা অর্জনের লক্ষ্যে প্রকল্প বাস্তাবয়নের সক্ষমতাও বাড়ানো প্রয়োজন ।

এদিকে, দেশের প্রবৃদ্ধি বৃদ্ধি করা সম্ভব বিনিয়োগ জি.ডি. পি.এর হার উন্নীত করার মাধ্যমে এবং উৎপাদনশীলতা ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে । ইতিমধ্যে এই লক্ষ্যে সরকার বেসরকারী বিনিয়োগ উদ্ধুদ্ধ করতে পৃথক পৃথক অর্থনৈতিক অঞ্চল গঠন করে প্রয়োজনীয় অবকাঠামো নির্মান ও নীতিগত সহায়তা প্রদানের মাধ্যমে বেসরকারী খাতের বিকাশোপযোগী বিভিন্ন উদ্যোগ গ্রহন করেছে । যা' দেশের অর্থনৈতিক ক্ষেত্রে উচ্চতর প্রবদ্ধি অর্জন সহ সম্ভাবনার দ্বার উন্মোচনের পথকে আরো প্রসারিত করবে ।

বাংলাদেশের পুঁজিবাজার ঃ

বাংলাদেশের পূজিঁবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা ও তদারকীতে পরিচালিত হয় এবং কম্পিউটার নির্ভও স্বয়ংক্রিয় ব্যবস্থা সম্পন্ন ঢাকা স্টক এক্সচেঞ্জ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর মাধ্যমে এই ব্যবসার লেনদেন পরিচালিত হয়ে থাকে।

অপরদিকে শেয়ারবাজারের তালিকাভূক্ত কোম্পানী সমূহের ইস্যুকৃত শেয়ার কেন্দ্রীয় ডিপোজিটরি তহবিলের হিসাবে জমা থাকে। অর্থাৎ কোম্পানী সমূহের স্টকস বা শেয়ার এখন কাগজে শেয়ার নয়। তা' এখন সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নিয়ন্ত্রনাধীন সিকিউরিটি ডিপোজিটারি আইন' ১৯৯৯ এর আওতায় গঠিত সেন্ট্রাল ডিপোজিটারি অব বাংলাদেশ লিমিটেড (CDBL) কর্তৃক রক্ষিত হয়।

এদিকে বাংলাদেশের স্টক মার্কেট পুঁজিবাজারের ব্যবসার বিকাশ ও সম্প্রসারনের উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। এছাড়া সরকার ও নিয়ন্ত্রক সংস্থা বিএসইসি কর্তৃক প্রদত্ত নীতিগত সহায়তা দেশের পুজিবাজারকে সুসংহত ও অংশিদারিত্বমূলক করেছে।

অন্যদিকে ছয় বছর আগে ২০১০ সালে শেয়ারবাজারের মহাপতনের পরে আজ আবার নতুন উচ্ছ্বাস আর শঙ্কার দোলাচলে দেশের শেয়ার বাজারে গত ডিসেম্বরে বাজারের উর্ধ্বগতি দৃশ্যমান হলে শেয়ারবাজারে বিনিয়োগকারীকে সতর্ক করা হয়। বাজারের উল্লম্ফলন ঠেকাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান খাতে তদারকি বাড়িয়েছে বাংলাদেশ ব্যাংক। অন্যদিকে শেয়ার বাজারের মূল্য নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনও সময়ে সময়ে সতর্কতামূলক ঘোষনা প্রদান করেছে।

সবকিছুর পরও শেয়ার বাজার ঘিরে আশাবাদ দেখছেন বাজার বিশ্লেষক ও বিনিয়োগকারীরা। চলতি বছর পূজিঁবাজারে চাঁঙ্গাভাব অব্যাহত থাকবে বলে ধারনা করা হচ্ছে। কারন হিসাবে অর্থনৈতিক স্থিতিশীলতা এবং ব্যাংক ঋনের সুদের হার কম থাকায় শেয়ার বাজারের উর্ধ্বগতি বজায় থাকবে বলে শেয়ার বাজার বিশ্লেষকরা অভিমত ব্যক্ত করেছেন।

এশিয়া ইন্স্যুরেন্সের শেয়ার ও এর মালিকানা এবং শেয়ার প্রতি আয়, নীট সম্পদ মূল্য ও বছর ভিত্তিক লভ্যাংশ ঘোষনা ঃ

এশিয়া ইন্স্যুরেন্স লিমিটেডের শেয়ার এর প্রতি শেয়ারহোল্ডারগনের বিদ্যমান আস্থা অক্ষুন্ন রাখার জন্য কোম্পানীর পরিচালনা পরিষদ, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগন কোম্পানীর প্রবৃদ্ধি বৃদ্ধিতে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করে যাচ্ছে ।

যেহেতু বিনিয়োগকারীগন তাঁদের কষ্টার্জিত অর্থ পূঁজিবাজারের মূল ভিত্তি বিবেচনায় বিভিন্ন কোম্পানীর লাভজনক শেয়ারে বিনিয়োগ করে থাকেন, সেহেতু অত্র কোম্পানী প্রতিষ্ঠান পর হতে বিনিয়োগকারীদের মাঝে কোম্পানীর শেয়ারকে একটি আকর্ষনীয় শেয়ারে পরিনত করতে আমরা কার্যকর পদক্ষেপ গ্রহন সহ সার্বিক প্রচেষ্টা গ্রহন করে আসছি ।

যার ফলশ্রুতিতে, শেয়ারহোল্ডারগনের জন্য লভ্যাংশ ঘোষনার ধারাবাহিকতা, শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য ও কার্যক্রম প্রস্তুত নগদ প্রবাহ এবং সাধারন সঞ্চিতি ও শেয়ার প্রতি আয়ের বিপরীতে কোম্পানীর শেয়ার বিনিয়োগকারীদের কাছে পছন্দনীয় ও আকর্ষনীয় একটি শেয়ার হিসাবে গ্রহনযোগ্যতা পেয়েছে ।

এদিকে, কোম্পানীর শেয়ার ক্রয়-বিক্রয়ের সাথে বিনিয়োগকারীদের সম্পৃক্ততায় ঢাকা ও চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জে ২৫শে জুন'২০০৯ তারিখে কোম্পানীর শেয়ার প্রথম লেনদেনের পর হতে ২০০৯ইং হতে ২০১৬ইং পর্যন্ত প্রতি বছরের ৩১শে ডিসেম্বর তারিখের কার্যদিবস শেষে প্রাপ্ত হিসাব অনুযায়ী বর্নিত বছর ভিত্তিক শেয়ারহোল্ডার সংখ্যা নিম্নরুপ ঃ

বছর	শেয়ারহোল্ডার সংখ্যা (৩১শে ডিসেম্বর তারিখে)
২০০৯ ইং	২,১৬৪
২০১০ ইং	৭,৭৭৬
২০১১ ইং	১০,১০৯
২০১২ ইং	৯,৬০১
২০১৩ ইং	১০,২৯৬
২০১৪ ইং	৮,৯৭৬
২০১৫ ইং	৭,২৮৬
২০১৬ ইং	৫,৮৭৮

অপরদিকে ২০১৬ইং সালের ৩১শে ডিসেম্বর তারিখে কোম্পানীর পরিশোধিত মূলধনের শেয়ার সংখ্যা ২০১৫ইং ও ২০১৪ইং সালের ন্যায় ৪,৭০,৬৯,৮৫৮টি তে স্থিত রয়েছে । যা' ২০১৩ইং সালে ছিল ৪,৪৮,২৮,৪৩৭টি।

কোম্পানীর শেয়ার সংখ্যার ভিত্তিতে বছর ভিত্তিক শেয়ার প্রতি আয় ও নীট সম্পদ মূল্য নিম্নে উল্লেখ করা হলো ।

কোম্পানীর বছর ভিত্তিক শেয়ার প্রতি আয় নিম্নরূপ ঃ

বছর	শেয়ার প্রতি আয়	অভিহিত মূল্য (টাকা)
২০০৯	৩১.১৯	১০০/-
২০১০	১১.৯৯	১০/-
২০১১	১.৪৮	১০/-
২০১২	১.৬৪	১০/-
২০১৩	১.৯৩	১০/-
২০১৪	১.১০	১০/-
২০১৫	১.২১	১০/-
২০১৬	১.৬৩	১০/-

কোম্পানীর শেয়ারের বছর ভিত্তিক নীট সম্পদ মূল্য নিম্নরূপঃ

বছর	শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য	অভিহিত মূল্য (টাকা)
২০০৯	১৬৯.০০	১০০/-
২০১০	২৭.০০	১০/-
২০১১	২৬.২৮	১০/-
২০১২	১৮.২১	১০/-
২০১৩	১৮.৩২	১০/-
২০১৪	১৭.১১	১০/-
২০১৫	১৭.২৮	১০/-
২০১৬	১৭.৮৬	১০/-

এদিকে ২০০০ইং সালে কোম্পানীর ব্যবসায়িক কার্যক্রম হতে ২০১৪ইং সাল পর্যন্ত অনুমোদিত মূলধনের বিপরীতে পরিশোধিত মূলধনের পরিমানও উল্লেখ্যযোগ্য ভাবে বাড়লেও ২০১৪ইং ও ২০১৫ইং সালের নিরীক্ষিত হিসাবের ভিত্তিতে শেয়ারহোল্ডারগনকে শুধুমাত্র নগদ লভ্যাংশ প্রদান করায় কোম্পানীর পরিশোধিত মূলধন ২০১৬ইং সালেও ২০১৪ইং ও ২০১৫ইং সালের ন্যায় অপরিবর্তিত রয়েছে ।

নিম্নে ২০০৮ইং সাল হতে ২০১৬ইং সাল পর্যন্ত কোম্পানীর অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমান দেখানো হলোঃ

বছর	অনুমোদিত মূলধন	পরিশোধিত মূলধন
২০০৮	৩০,০০,০০,০০০	৬,০০,০০,০০০
২০০৯	৩০,০০,০০,০০০	১৫,০০,০০,০০০
২০১০	১,০০,০০,০০,০০০	১৬,৫০,০০,০০০
২০১১	১,০০,০০,০০,০০০	৩৭,১২,৫০,০০০
২০১২	১,০০,০০,০০,০০০	৪২,৬৯,৩৭,৫০০
২০১৩	১,০০,০০,০০,০০০	৪৪,৮২,৮৪,৩৭০
২০১৪	১,০০,০০,০০,০০০	৪৭,০৬,৯৮,৫৮০
২০১৫	১,০০,০০,০০,০০০	৪৭,০৬,৯৮,৫৮০
২০১৬	১,০০,০০,০০,০০০	৪৭,০৬,৯৮,৫৮০

অপরদিকে কোম্পানী প্রতিষ্ঠার পর হতে অর্জিত মুনাফার ভিত্তিতে শেয়ারহোল্ডারগনকে যে লভ্যাংশ প্রদান ও ঘোষনা হয়েছে তা' নিম্নে বিবৃত হলো ।

বছর	নগদ লভ্যাংশ	মূলধনী লভ্যাংশ	মোট লভ্যাংশ
২০০০	৫%	–	৫%
২০০১	৭%	–	৭%
২০০২	৮.৫০%	–	৮.৫০%
২০০৩	১০%	–	১০%
২০০৪	১০%	–	১০%
২০০৫	১২%	–	১২%
২০০৬	১২%	–	১২%
২০০৭	১৫%	–	১৫%
২০০৮	১৬%	–	১৬%
২০০৯	-	১০%	১০%
২০১০	২৫%	২৫%	৫০%
২০১১	১৫%	১৫%	৩০%
২০১২	১০%	৫%	১৫%
২০১৩	১৫%	৫%	২০%
২০১৪	১০%	–	১০ %
২০১৫	১০%	-	১০ %
২০১৬(সুপারিশ কৃত)	১০%	-	১০ %

বাংলাদেশের বীমা বাজার ঃ

বৈশ্বিক বীমা শিল্পের তুলনায় বাংলাদেশের বীমা শিল্পের পরিসর তেমন বড় নয় । জীবন বীমা ও সাধারন বীমা মিলিয়ে এখনো বাংলাদেশের বীমা বাজার খুবই ছোট। বিশ্বে বীমা শিল্পে বাংলাদেশের অবস্থান ৭৬তম । গত কয়েক বছরে বাংলাদেশের সাধারন বীমার গড় প্রবৃদ্ধি ছিল ১২শতাংশ এবং জীবন বীমার গড় প্রবৃদ্ধি ছিল ২৬ শতাংশ ।

অন্যদিকে, দেশে সাধারন বীমার বাজার শাখা অফিস কেন্দ্রিক পরিচালিত । আর জীবন বীমা বাজার এজেন্ট কেন্দ্রিক পরিচালিত । এক্ষত্রে একটা লক্ষনীয় বিষয় হচ্ছে, বৈশ্বিক বীমা বাজারে মন্দাবস্থা দেখা দিলেও বাংলাদেশে গত কয়েক বছরে এই সেক্টরে দৃশ্যমান প্রবৃদ্ধি লক্ষ্য করা গেছে । বাংলাদেশের বীমা খাতের প্রবৃদ্ধি লক্ষ্য করা গেলেও দেশের সাধারন বীমা ও জীবন বীমার বাজারের পরিসরের তুলনায় বীমা কোম্পানীর সংখ্যা অনেক হওয়ায় দেশের বীমা শিল্প একটি অসুস্থ প্রতিযোগিতার মধ্যে দিয়ে এগিয়ে চলেছে ।

বিশ্ব বাজার বিশেষ করে প্রতিবেশী দেশে পরিচালিত বীমার কার্যক্রম বিবেচনায় নিলে দেখা যায়, আমাদের বীমা খাতকে আর দীর্ঘ পথ পাড়ি দিতে হবে । প্রিমিয়াম সংগ্রহ, পূনঃবীমাকরন, দাবী নিষ্পত্তি সহ বীমার বিভিন্ন বিষয়ে স্বচ্ছতা নিশ্চিত করা না গেলে বীমা খাতের বিকাশমান ধারা ব্যাহত হবে এবং এ প্রেক্ষিতে বীমার প্রতি বীমা সেবা গ্রহনকারীদের আস্থা নষ্ট হবে ।

তবে দেশের বীমা শিল্পের নিয়ন্ত্রক সংস্থা 'বীমা উন্নয়ণ ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ' দেশের সাধারন বীমা খাতের উন্নয়নের জন্য তাঁদের করনীয় নির্ধারন করে কার্যকর পদক্ষেপ গ্রহন করেছে। যা' সম্ভাবনাময় এই খাতে সুস্থ প্রতিযোগিতার পরিবেশ সৃষ্টি সহ সকল অব্যবস্থাপনা দূর করবে ।

এক নজরে এশিয়া ইন্স্যুরেন্স লিমিটেড ঃ

'এশিয়া ইন্স্যুরেন্স লিমিটেড' তৃতীয় প্রজন্মের একটি নন-লাইফ তথা জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী । কোম্পানী আইন ১৯৯৪-এর অধীনে একটি পাবলিক লিমিটেড কোম্পানী হিসাবে এশিয়া ইন্স্যুরেন্স লিমিটেড ৩০শে এপ্রিল'২০০০ইং তারিখে রেজিষ্ট্রারার অব জয়েন্ট স্টক কোম্পানীজ হতে নিবন্ধন প্রাপ্তির পর একই বছরের ৩০শে মে তারিখে তদানীন্তন বীমা অধিদপ্তর হতে লাইসেন্স প্রাপ্ত হয়ে বংলাদেশে সাধারন বীমা ব্যবসা শুরু করে। পরবর্তীতে ৩০শে মার্চ'২০১১ইং বর্নিত ব্যবসা অব্যাহত রাখার জন্য আইন অনুযায়ী নব গঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ হতে নন-লাইফ বীমা ব্যবসা করার লাইসেন্স নবায়নের সনদ গ্রহন করে ।

২০০০ইং সালে কোম্পানীর কার্যক্রম শুরুকালে ৬ কোটি টাকা পরিশোধিত মূলধনে যাত্রা শুরু করলেও বর্তমানে ১০০ কোটি টাকা অনুমোদিত মূলধনে এশিয়া ইন্সুরেন্স এর পরিশোধিত মূলধন ৪৭,০৬,৯৮,৫৮০/- টাকা । এর মধ্যে উদ্যোক্ত অংশের ১০/- মূল্যমানের ১,৯৫,৬৩,৭৮৮টি শেয়ারের পরিশোধিত মূলধন ১৯,৫৬,৩৭,৮৮০/- টাকা এবং জনগনের অংশের ২,৭৫,০৬,০৭০ টি শেয়ারের পরিশোধিত মূলধন ২৭,৫০,৬০,৭০০/- টাকা ।

আধুনিক ও যুগোপযোগী বীমা ব্যবস্থা প্রতিষ্ঠা করাই হচ্ছে এই কোম্পানীর রূপকল্প । এই কোম্পানীর রূপকল্প বাস্তবায়নে কোম্পানীতে কর্মদক্ষতা ও গ্রাহক সেবার সর্বোচ্চ মান নিশ্চিত করনের পাশাপাশি বীমা গ্রহীতাদের আস্থা অর্জন ও তাদের সম্পদের নিরাপত্তা নিশ্চিত করার কার্যকর পদক্ষেপ গ্রহন করা হয়েছে ।

অন্যদিকে, সম্পদের নিরাপত্তার নিশ্চিত করার মাধ্যমে দেশের আর্থিক বুনিয়াদ সুদৃঢ় করার লক্ষ্যে গ্রাহকদের বীমা সেবা প্রদানের মাধ্যমে জাতীয় উন্নয়নে অংশগ্রহণ করাই হচ্ছে এই কোম্পানীর মূল উদ্দেশ্য ।

অর্জন ঃ কোম্পানীর কার্যক্রম পরিচালনার সকল অপারেশনাল ব্যয় নির্বাহ সহ শেয়ার হোল্ডারগনকে কোম্পানীর প্রতিষ্ঠার পর হতে ধারাবাহিক ভাবে সন্তোষজনক হারে লভ্যাংশ প্রদানের পর বর্তমানে কোম্পানীর মোট সম্পদের পরিমান দাঁড়িয়েছে ১৬৪ কোটি ৬৮ লক্ষ ২৪ হাজার টাকা ।

অপরদিকে ঢাকার বাংলা মটরের 'রুপায়ন ট্রেড সেন্টার' এ কোম্পানীর ক্রয়কৃত ২১,৫০৭ বর্গফুটের অফিস স্পেস সহ ৬টি কার পার্কিং স্পেস এর মালিকানা সহ কোম্পানীর অনুকূলে দলিল রেজিষ্ট্রি হওয়ায় বর্তমান বাজার দর বিবেচনায় কোম্পানীর সম্পদের আর্থিক মূল্যমান অনেক বৃদ্ধি পেয়েছে ।

মানব সম্পদ ও কর্মী নিয়োগ রীতি ঃ

আমাদের লক্ষ্য হচ্ছে কোম্পানীর মানব সম্পদ উন্নয়নে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহন উন্নত ও নিশ্চিত করার জন্য দক্ষ ও উদ্বুদ্ধ কর্মী বাহিনী তৈরি ও ধরে রাখা ।

অত্র কোম্পানী লিঙ্গ, বর্ণ, জাতীয়তা, জাতিগত পরিচয়, ধর্ম, বর্ন নির্বিশেষে সকল কর্মীদের সমানাধিকার প্রদানের ক্ষেত্রে প্রতিজ্ঞাবদ্ধ থেকে প্রতিষ্ঠানের সকল কর্মকান্ডে সকলকে অন্তর্ভূক্ত করার বিশ্বাসী এবং কর্মীদের বৈচিত্র্যময়তাকে মূল্য দিয়ে থাকে ।

এছাড়া কোম্পানীতে কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ ও নির্বাচন, প্রশিক্ষন, ক্যারিয়ার উন্নয়ন, নমনীয় কর্ম পরিবেশ ব্যবস্থাপনা, প্রসার ও নৈপূন্য মূল্যায়নে কোম্পানীতে সবার জন্য সম দৃষ্টি নিশ্চিত করা হয়েছে ।

তথ্য প্রযুক্তি ঃ

নিরবিচ্ছিন্নভাবে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা ও বীমা গ্রহীতাদের উপযুক্ত সেবা প্রদান আরও কার্যকর ও নিশ্চিত করার জন্য কোম্পানীতে যথাযথ একটি তথ্য ভান্ডার গড়ে তোলার ব্যবস্থা গ্রহনের পাশাপাশি কোম্পানীর তথ্য প্রযুক্তি ব্যবস্থা হালনাগাদ করা হয়েছে এবং তথ্য প্রযুক্তির অবকাঠামো রক্ষনাবেক্ষন ও উন্নয়নের জন্য কোম্পানীতে নতুন Software installation সহ ব্যাপক কার্যক্রম গ্রহন করা হয়েছে ।

ক্রেডিট রেটিং ঃ

বিগত বছরের ন্যায় ২০১৬ইং সালেও কোম্পানী A+ ক্রেডিট রেটিং প্রাপ্তিতা অক্ষুন্ন রেখে কোম্পানী বীমা দাবী পরিশোধ (CPA) এর সক্ষমতা নিশ্চিত করেছে । এক নজরে বীমা দাবী পরিশোধ (CPA) এর সক্ষমতার ভিত্তিতে বিগত সাত বছরের ক্রেডিট রেটিং নিম্নরুপ ঃ

২০১৬	ঃ	'A+'
২০১৫	ঃ	'A+'
২০১৪	ঃ	'A+'
২০১৩	ঃ	'A+'
২০১২	ঃ	'A+'
২০১১	ঃ	'A'
২০১০	ঃ	'A'

কোম্পানীর বীমা পলিসি ও সেবা ঃ

কোম্পানীর বীমা পলিসি সমূহের মধ্যে, অগ্নি, নৌ কার্গো, নৌ হাল, মোটর ও বিবিধ বীমা পলিসি কেন্দ্রিক বীমার দায় গ্রহন সহ বীমা সেবা প্রদান করা হয়ে থাকে ।

বীমার ঝুঁকি ও ঝুঁকি ব্যবস্থাপনা ঃ

বীমাকারী হিসাবে এশিয়া ইন্স্যুরেন্স লিমিটেড বীমা গ্রহীতাদের সম্পদের অনিশ্চিত ঝুকি সমূহের নিরাপত্তা বিধানে বীমা অংক ও ক্ষতির পরিমান এবং আবরিত ঝুঁকির বিপরীতে আর্থিক ক্ষতিপূরনের ব্যবস্থা রেখেছে ।

ঝুকি ব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ন বিষয় । যাতে বীমাগ্রহীতা তাঁর বীমাকৃত সম্পদের ঝুঁকি এড়ানোর সর্বোচ্চ ব্যবস্থা গ্রহন করে থাকে, সে বিষয়ে বীমাকারী হিসাবে অত্র কোম্পানী ঝুঁকি গ্রহনের আগে যথাযথ পরিদর্শন কার্য সম্পাদন করে বীমা ঝুঁকি গ্রহন করে থাকে এবং কোম্পানী যথাযথ পূনঃবীমা ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে বীমা ঝুঁকি স্থানান্তরের বিষয়টি নিশ্চিত করেছে । অন্যদিকে কোম্পানী হতে বীমার কভারেজ বলবৎ থাকা পর্যন্ত সম্পাদের ঝুঁকি এড়ানোর বিষয়ে বীমা গ্রহীতাকে কার্যকর পরামর্শ প্রদান করা হয়ে থাকে ।

কোম্পানীর হিসাবের চলমান প্রক্রিয়া ঃ

এ বিষয়ে অত্র বার্ষিক প্রতিবেদনে বর্নিত নিরীক্ষিত হিসাবের ১.২.৭নং Note এ বিস্তারিত বিবৃত আছে ।

সিএসআর কার্যক্রম ঃ

সিএসআর কার্যক্রমের আওতায় কোম্পানী বিভিন্ন সময়ে প্রধানমন্ত্রী ত্রান তহবিল সহ আই.ডি.আর.এ এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশানের চাহিদা ও অভিপ্রায় অনুযায়ী আর্থিক অনুদান প্রদান করে থাকে ।

প্রশাসনিক তথ্যাদি ঃ

কর্মকর্তা-কর্মচারী	ঃ ২৯৯ জন
বীমা এজেন্ট	ঃ লাইসেন্স প্রাপ্ত ২৭ জন এবং লাইসেন্স এর জন্য অপেক্ষমান ০৭ জন
শাখা	ঃ ২২টি ।
প্রশিক্ষন প্রাপ্ত কর্মকর্তা	ঃ বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমী, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন সহ প্রশিক্ষন প্রদানকারী বিভিন্ন প্রতিষ্ঠান হতে প্রশিক্ষন গ্রহণকারী ৩১ জন কর্মকর্তার মধ্যে ৪ (চার) জন এ.বি. আই.এ ডিগ্রীধারী কর্মকর্তা রয়েছেন।
মোটর ভ্যাহিকেল	ঃ কোম্পানীতে ০১ (এক) টি জিপ গাড়ী ও ২৩ (তেইশ) টি মোটর কার এবং ০৮ (আটি) টি মোটর সাইকেল রয়েছে । যার ক্রম অবচয় বাদে ৩১শে ডিসেম্বর'২০১৬ইং, তারিখে সর্বমোট মূল্য দাঁড়িয়েছে ২,৭৭,৬২,৫৩৪/- টাকা ।

অপরদিকে কোম্পানীর ২০১৫ ও ২০১৬ সালের তুলনামূলক ব্যবসয়িক তথ্য উপাত্ত নিম্নরূপ ঃ

প্রিমিয়াম আয় ঃ

কোম্পানীর প্রিমিয়াম আয় হয়েছে ২০১৬ইং সালে ৪৭,৭৬,৯০,৩০৩/- টাকা। যা' ২০১৫ইং সালে ছিল ৪৫,৩৬,৪৮,৮৭৬/- টাকা ।

বিনিয়োগ ঃ

সরকারী ট্রেজারী বন্ড, ব্যাংক সমূহে স্থায়ী ও মেয়াদী আমানত, অফিস স্পেস ক্রয় এবং শেয়ার বাজারে তালিকা ভূক্ত কোম্পানীর শেয়ার ক্রয়-বিক্রয়ের মাধ্যমেই কোম্পানীর বিনিয়োগ কার্যক্রম পরিচালিত হচ্ছে । কোম্পানী ২০১৬ইং সালে মোট বিনিয়োগের পরিমান শেয়ার ক্রয়সহ ৯৪,৩৯,৭১,৬০২/- টাকা। যা' ২০১৫ইং সালে ছিল ৯৫,৮০,১৯,৩১৭/- টাকা। এদিকে ঢাকার বাংলা মটরস্থ রুপায়ন ট্রেড সেন্টারের ১৫ তলায় ২১৫০৭ বর্গ ফুটের অফিস স্পেসের রেজিষ্ট্রেশন বাবদ ২,৭১,৯৫,২০০/- টাকা ব্যয়সহ এই অফিস স্পেসে মোট মূল্য দাড়িয়েছে ১৭,৩০,৫১,৬৮০/- টাকা।

আয়কর খাতে প্রদান ঃ

কোম্পানী আয়কর খাতে প্রদানের জন্য ২০১৬ইং সালে ২,৫১,২০,৯০০/- টাকা সঞ্চিত রাখার প্রস্তাব করা হয়েছে, যা' ২০১৫ইং সালে রাখা হয়েছিল ২,১১,১৭,৯৭৪/- টাকা।

করপূর্ব মুনাফা ঃ

২০১৬ইং সালে কোম্পানীর কর পূর্ব মুনাফার পরিমান দাঁড়িয়েছে ১০,১৮,১৭,৬৯৩/- টাকা । যা' ২০১৫ইং সালে ছিল ৭,৮১,৫৪,০০৫/- টাকা । ২০১৬ সালে অস্বাভাবিক ক্ষতির জন্য সঞ্চিতি রাখা হয় ২, ৫০, ০০, ০০০/- টাকা, যা ' ২০১৫ সালে ছিল ১,৫০,০০,০০০/- টাকা,। এছাড়া সাধারণ সঞ্চিতি সহ অন্যান্য সঞ্চিতির পরিমাণ বৃদ্ধি পায় ৭৭,৮৬,০৯৭/- টাকা।

উপরোক্ত আলোকে ২০১৬ইং সালে কোম্পানীর সামগ্রিক ব্যবসায়িক কার্যক্রমের চালচিত্র নিম্নে বিবৃত হলো ঃ

(হিসাব লক্ষ টাকায়)

ক্রম	বিষয়	অগ্নি	নৌ	মটর	বিবিধ	মোট ২০১৬
০১	গ্রস প্রিমিয়াম আয়	২০৬৬	১৭৭৭	৪১২	৫২১	৪৭৭৬
০২	সমর্পিত পূনঃ বীমা	৯৪৩	৩৭৯	৬	২৫২	১৫৮০
০৩	পূনঃ বীমা কমিশন	৩০৬	৯৭	১৫৫	৪০	৪৪৫
০৪	নীট প্রিমিয়াম	১১২৩	১৩৯৮	৪০৬	২৬৯	৩১৯৬
০৫	ব্যবস্থাপনা ব্যয় (রাজস্ব হিসাব)	৫৮৯	৫০৬	১১৭	১৪৮	১৩৬১
০৬	অবলিখন মুনাফা	২০২	২২৬	৪৭	১৪৩	৬৪৫
০৭	অনুত্তীর্ন ঝুকির জন্য সংরক্ষিত সঞ্চিতি	৪৪৯	৫৬৭	১৬২	১০৮	১২৮৬
০৮	দাবী পরিশোধ (গ্রস)	৫৭৪	৮০৩	১০০	৮	১৪৮৫
০৯	দাবী পরিশোধ (নীট)	৩২৩	৪৫১	১০৮	৫	৮৮৭
১০	ব্যবস্থাপনা ব্যয় (লাভ ক্ষতি হিসাব)	-	-	-	-	৩৩৯
১১	বিনিয়োগকৃত আয়	-	-	-	-	৬৮২
১২	অস্বাভাবিক খাতে সংরক্ষিত	-	-	-	-	২৫০
১৩	কর পূর্ব নীট মুনাফা	-	-	-	-	১০১৮
১৪	আয়কর সঞ্চিতি	-	-	-	-	২৫১
১৫	কর বাদে নীট মুনাফা	-	-	-	-	৭৬৭

এর পাশাপাশি ২০১১ইং সাল হতে ২০১৫ইং সাল পর্যন্ত কোম্পানীর সামগ্রিক ব্যবসায়িক কার্যক্রমের সংক্ষিপ্ত চালচিত্র নিম্নে বিবৃত হলো (হিসাব লক্ষ টাকায়) ঃ

ক্রম	বিষয়	২০১১	২০১২	২০১৩	২০১৪	২০১৫
০১	গ্রস প্রিমিয়াম আয়	৩০০২	৩১৯৫	৩৪১৫	৪০২২	৪৫৩৬
০২	সমর্পিত পূনঃ বীমা	১০৫৫	১৩২৫	১৪৩১	১৬০০	১৪৫৪
০৩	গ্রহনকৃত পূনঃ বীমা	--	--	--	--	৪৯৬
০৪	নীট প্রিমিয়াম	১৯৪৬	১৮৭১	১৯৮৪	২৪২২	৩০৮১
০৫	ব্যবস্থাপনা ব্যয় (রাজস্ব হিসাব)	৫৯১	৬৭৮	৭৬০	১১৯৬	১৯৪৭
০৬	ব্যবস্থাপনা ব্যয় (লাভ ক্ষতি হিসাব)	৬৪৪	৪৯৮	৪২০	২৬৪	৪২১
০৭	অবলিখন মুনাফা	৮৩২	৭০৪	৮৩৭	(৩২১)	১২৩৪
০৮	দাবী পরিশোধ (গ্রস)	৯৮৯	১৪৫৫	১৩০৫	১৫৭৬	১৫৫৩
০৯	দাবী পরিশোধ (নীট) নিজস্ব	(৩৭৫)	১১৫৬	১২৭৭	১৩৮৩	৯৪৬
১০	বিনিয়োগকৃত আয়	৩৬৭	৮৬৭	৯১৬	১২০৬	১৭১
১১	অনুত্তীর্ন ঝুকির জন্য সংরক্ষিত সঞ্চিতি	৭৭৯	৭৪৮	৬৯৪	৯৭১	৭৩৯
১২	অস্বাভাবিক খাতে সংরক্ষিত সঞ্চিতি	১৯৫	১৮৭	১৭৩	-	১৫০
১৩	কর পূর্ব নীট মুনাফা	৬১৪	১০৭৪	১৩৩৩	৬২১	৭৮১
১৪	আয়কর সঞ্চিতি	১৭৬	৩৭৩	৪৬৮	১০৪	২১১
১৫	কর বাদে নীট মুনাফা	৪৩৮	৭০০	৮৬৫	৫১৬	৫৭০

অন্যদিকে ২০১৬ইং সালের নিরীক্ষবিহীন ত্রৈমাসিক হিসাব বিবরনী ও বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরনীর প্রধান প্রধান বিষয়ের পরিসংখ্যান নিম্নে বিবৃত হলো (হিসাব লক্ষ টাকায়) ঃ

বিষয়	নিরীক্ষাবিহীন ত্রৈমাসিক হিসাব			নিরীক্ষিত বার্ষিক হিসাব'২০১৬
	মার্চ'২০১৬	জুন'২০১৬	সেপ্টেম্বর'২০১৬	
মোট কর পূর্ব আয়	২০৪.৩৭	৪৩৭.০০	৯৩১.৯১	১০১৮.০০
আয়কর সঞ্চিতি	৪৮.৬৫	৮৭.৬২	২৩৭.৭৫	২৫১.২১
কর বাদে মুনাফা	১৫৫.৭২	৩৪৯.৩৮	৬৯৪.১৬	৭৬৭.৭৯
ই.পি.এস	০.৩৩	০.৭৪	১.৪৭	১.৬৩

লভ্যাংশ ঘোষনা ঃ

অদ্যকার সতেরতম বার্ষিক সাধারন সভায় কোম্পানীর প্রয়োজনীয় সকল সঞ্চিতির ব্যবস্থা রেখে পরিচালক পরিষদ ২০১৬ইং সালে শেয়ারহোল্ডারগনের জন্য ১০% (দশ) শতাংশ নগদ লভ্যাংশের সুপারিশ করছে।

কর্পোরেট সুশাসন ঃ

কোম্পানীর কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনের জন্য কর্পোরেট সুশাসন এর বিকল্প নেই বিধায় তা' কোম্পানীতে কর্পোরেট সুশাসন প্রতিষ্ঠার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনায় আনা হয়েছে ।

কোম্পানীর পরিচালনা পরিষদ দৃঢ়ভাবে বিশ্বাস করে, কোম্পানীর সামগ্রিক কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার পাশাপাশি কর্মকর্তাদের মধ্যে দায়িত্ব, কর্তব্য ও অধিকার সুনির্দিষ্ট করার জন্য কোম্পানীতে কর্পোরেট অনুশাসন প্রতিষ্ঠা অতীব জরুরী এবং আবশ্যক । কোম্পানীতে কর্পোরেট সুশাসন নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে পরিচালনা পরিষদ যথাযথ দিক নির্দেশনা প্রদানের পাশাপাশি তা' নিশ্চিত করার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছে ।

পরিচালকমন্ডলীর অবসর গ্রহন ও পুনঃ নির্বাচন ঃ

উদ্যোক্তা পরিচালক ঃ

কোম্পানীর সংঘবিধির ১১২ নং ধারা অনুযায়ী এবং ১১৩ নং ধারায় উল্লেখিত বিধান মতে পরিচালক পরিষদের সম্মানীত সদস্যগনের মধ্যে নিম্নোক্ত সদস্যগন সতেরতম বার্ষিক সাধারন সভায় পরিচালকের পদ হতে অবসর গ্রহন করবেন।

১) জনাব ইউসুফ আবদুল্লাহ্ হারুন এফসিএ
২) মিসেস খালেদা বেগম
৩) মিসেস ফারজানা আফরোজ

অপরদিকে, কোম্পানীর সংঘবিধির ১১৪ নং ধারা অনুযায়ী উপরোক্ত তিনজন অবসর গ্রহনকারী উদ্যোক্তা শেয়ারহোল্ডার পরিচালক পদে পূনঃনির্বাচনের যোগ্য বিধায় তাঁরা সতেরতম বার্ষিক সাধারন সভায় পূনঃনির্বাচনের জন্য বিবেচিত হবেন ।

কোম্পানীতে পরিচালকগনের লেনদেনের সংশ্লিষ্টতা (Releted Party Transaction)

কোম্পানীর পরিচালকগন এবং তাঁদের প্রতিষ্ঠান সমূহের সাথে কোম্পানীর সংশ্লিষ্টতার বিষয়টি অত্র বার্ষিক প্রতিবেদনে বর্নিত নিরীক্ষিত হিসাবের ৩৬নং ও সংযুক্তি - B নং Notes এ বিস্তারিত বিবৃত আছে ।

পরিচালকগনের প্রাপ্য সম্মানী ও অন্যান্য সুবিধাদি প্রসঙ্গে ঃ

কোম্পানীর পরিচালক পরিষদে ৯ জন উদ্যোক্তা পরিচালক, ৩ জন জনগনের অংশের শেয়ারহোল্ডার পরিচালক ও ১জন ইন্ডিপেনডেন্ট পরিচালক রয়েছেন এবং কোম্পানীর মূখ্য নির্বাহী কর্মকর্তা পদাধিকার বলে কোম্পানীর পরিচালক পরিষদের একজন সদস্য ।

কোম্পানীর মূখ্য নির্বাহী কর্মকর্তা ছাড়া অন্য সকল পরিচালকগন, পরিচালক পরিষদ এর সভা ও সকল প্রকার কমিটির সভায় উপস্থিতিতি সাপেক্ষে বিধিমতে সভার ফি পেয়ে থাকেন। এছাড়া পরিচালক পরিষদের সদস্যগন আর কোন সুবিধাদি তথা বেতন-ভাতা, ব্যাক্তিগত প্রয়োজনে কোম্পানীর গাড়ী ও অফিস স্পেস ব্যবহার, কোম্পানী হতে বাড়ী ভাড়া প্রাপ্তি সহ আর কোন আর্থিক সুবিধাদি গ্রহন করেন না । এক্ষেত্রে পরিচালকগন ব্যক্তিগত ভাবে কোম্পানী ও মূখ্য নির্বাহী কর্মকর্তার উপর কোন ক্ষমতা প্রয়োগ করেন না। তবে কোম্পানীর সংঘ বিধিতে বর্নিত পরিচালক পরিষদের ক্ষমতা ও দায়িত্বাবলী প্রয়োগ ও সম্পাদন করেন ।

সাধারন শেয়ারহোল্ডার পরিচালক ঃ

কোম্পানীর সংঘবিধির সংশ্লিষ্ট বিধান ও বীমা আইনের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী জনগনের অংশের শেয়ারহোল্ডারগনের পক্ষের পরিচালক পদ হতে সাউথইষ্ট ব্যাংক লিমিটেড, বে লিজিং এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড, এবং জনাব মোহাম্মদ আলী খোকন অবসর গ্রহণ করছেন এবং কোম্পানীর পরিচালক পদের যোগ্য বিধায় তাঁরা পূনঃনির্বাচনের জন্য মনোনয়ন পত্র দাখিল করেছেন।

ইন্ডিপেনডেন্ট পরিচালক নিয়োগ ঃ

কোম্পানীর পরিচালনা পরিষদের ইন্ডিপেনডেন্ট পরিচালক জনাব জাকির আহমেদ খান এর নিয়োগ বিগত ১৬ই জুলাই'২০১৪ইং তারিখে অনুষ্ঠিত কোম্পানীর ১৪তম বার্ষিক সাধারন সভায় শেয়ারহোল্ডারগন কর্তৃক অনুমোদন করা হয়।

কোম্পানীর পরিচালক পরিষদ বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের ০৩/০৭/২০১২ইং তারিখে জারীকৃত নোটিফিকেশন SEC/CMRRCD/2006-158/129/Admn/43 মতে জারীকৃত কর্পোরেট গাইড লাইন্স এর ১.২.(vi) শর্তমতে ইন্ডিপেনডেন্ট পরিচালক জনাব জাকির আহমেদ খান এর নিয়োগের মেয়াদ ০৩ (তিন) বছর অতিক্রান্ত হওয়ায় তাঁর এ পদে নিয়োগ আরও ১ (এক) মেয়াদের জন্য বর্ধিত করার সিদ্ধান্ত গ্রহন করেছেন এবং ইন্ডিপেনডেন্ট পরিচালক জনাব জাকির আহমেদ খান এর নিয়োগ কাল আরও এক মেয়াদের জন্য বর্ধিত করার সিদ্ধান্তটি শেয়ারহোল্ডারগনের বিবেচনা ও অনুমোদনের জন্য কোম্পানীর সতেরতম বার্ষিক সাধারন সভায় পেশ করা হয়েছে ।

অপরদিকে, উপরে বর্নিত কর্পোরেট গাইড লাইন্স অনুসরন ক্রমে কোম্পানীতে আরও ইন্ডিপেনডেন্ট পরিচালক মনোনয়ন ও নিয়োগের বিয়ষটি প্রক্রিয়াধীন রয়েছে ।

নিরীক্ষক নিয়োগ ঃ

কোম্পানীর ষোলতম বার্ষিক সাধারন সভায় পিনাকী এন্ড কোম্পানী, চাটার্ড একাউন্ট্যান্টসকে কোম্পানীর নিরীক্ষক হিসাবে নিয়োগ প্রদান করা হয়েছিল এবং নিয়োগ প্রাপ্ত নিরীক্ষক এর নিয়োগের মেয়াদ অদ্যকার বার্ষিক সাধারন সভা পর্যন্ত বলবৎ থাকবে । অদ্যকার সভায় পরবর্তী বার্ষিক সাধারন সভা পর্যন্ত কোম্পানীর নিরীক্ষক হিসাবে পিনাকী এন্ড কোম্পানী, চাটার্ড একাউন্ট্যান্টসকে নিয়োগ দেওয়ার প্রস্তাব সহ তাদের সম্মানী ধার্য্য করার প্রস্তাব পেশ করা হবে।

ধন্যবাদ জ্ঞাপন ঃ


২০১৬ইং সালে কোম্পানীর সামগ্রিক কার্যক্রমে অর্জিত সাফল্য বিগত বছর সমূহের অর্জিত সাফল্যের ধারাবাহিকতায় অর্জিত হয়েছে। পরিচালক পরিষদ পেশাদারিত্ব ও সেবামূলক মনোবৃত্তিতে কোম্পানীর কার্যক্রম পরিচালিত হওয়ায় মহান আল্লাহ্ পাকের শুকরিয়া আদায় করছে ।

অপরদিকে, বীমা গ্রাহকদের দ্রুত সেবা প্রদান সহ তাদের স্বার্থ রক্ষা ও যথাসময়ে বীমা দাবী পরিশোধের লক্ষ্যে যথ যথ পূনঃবীমা ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে বীমার দায় গ্রহণ সহ কোম্পানীর কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনার জন্য নিবেদিতপ্রাণ নির্বাহীগন ও অন্যান্য সকল কর্মকর্তাদের স্ব স্ব দায়িত্ব পালনে নিষ্ঠা ও একাগ্রতার জন্য কোম্পানীর পরিচালক পরিষদ উচ্ছসিত প্রশংসা করছে । এছাড়া পরিচালক পরিষদ কোম্পানীর সম্মানীত গ্রাহক, পৃষ্ঠপোষক এবং শুভাকাঙ্খীদের অব্যহত সমর্থন ও সহযোগিতার জন্য আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছে এবং গন-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থমন্ত্রনালয়, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ, বাংলাদেশ ব্যাংক, যৌথ মূলধনী ও প্রতিষ্ঠান সমূহের নিবন্ধক, বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ এন্ড কমিশন, ঢাকা ও চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ, সি.ডি.বি.এল সহ সকল বানিজ্যিক ব্যাংক, লিজিং ফাইন্যান্সিং কোম্পানী, সাধারন বীমা কর্পোরেশন, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন, সেন্ট্রাল রেটিং কমিটি, বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমী সহ আমাদের সহ- বীমাকারী প্রতিষ্ঠান এবং সকল সরকারী ও আধা সরকারী প্রতিষ্ঠান, সেক্টর কর্পোরেশন ও বেসরকারী সংস্থা সমূহকে তাদের প্রশংসনীয় সমর্থন ও সহযোগিতার জন্য কোম্পানীর পরিচালনা পরিষদ আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে ।

পরিশেষে কোম্পানীর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনে সম্মানীত শেয়ারহোল্ডারগনের আন্তরিক সমর্থন ও তাঁদের প্রদত্ত দিক নির্দেশনার জন্য কোম্পানীর পরিচালক পরিষদ গভীর কৃতজ্ঞতা প্রকাশ করে তাদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করছে। এর পাশাপাশি পরিচালক পরিষদ গ্রাহকদের উন্নত সেবা প্রদানের পাশাপাশি কোম্পানীর ভিত্তিকে আরও সুদৃঢ় করে কোম্পানীর প্রতি শেয়ারহোল্ডারগনের আস্থা সমুন্নত রাখার নিশ্চয়তা প্রদান করছে ।

পরিচালকমন্ডলীর পক্ষে,

ইউসুফ আবদুল্লাহ্ হারুন এফসিএ
চেয়ারম্যান



ZAKIR AHMED KHAN
Chairman

REPORT OF THE AUDIT COMMITTEE

Asia Insurance Limited constituted an Audit Committee as a Sub-Committee of the Board of Directors and they assist the Board in fulfilling its oversight responsibilities and ensuring that the Financial Statements of the Company reflect a true and fair picture.

Members of the Audit Committee:

There are 9 (nine) members in the Audit Committee including one Independent Director. The present Audit Committee has been reconstituted by Board in its 114th Meeting held on 11-06-2016. Following are the members of the Audit Committee:

Chairman	: Mr. Zakir Ahmed Khan	- Independent Director
Member	: Mr. Alamgir Kabir FCA	- Director
	: Mr. Abul Bashar Chowdhury	- Director
	: Mr. Mahbubul Alam	- Director
	: Mr. Md. Jahangir Alam	- Director
	: Mrs. Khaleda Begum	- Director
	: Mr. Tarik Sujat	- Director
	: Mr. Mohammad Ali Khokan	- Director
	: Mr. Md. Imam Shaheen	- Chief Executive Officer

The committee is accountable for all audit activities and report to the Board of Directors of the Company. The key role of the Audit committee is to monitor, review and examine the financial statements, corporate governance practices, internal control systems and risk management activities of the Company.

Resolutions of the Audit Committee Meeting :

During the year 2016, the Committee focused on the following activities:

- Reviewed the various reports of the Internal auditor and made recommendations to take appropriate actions to the management, where needed.
- Approved the internal audit plan for the year 2017 and gave directions to the internal auditor where appropriate for carrying out in depth audit.
- Monitored internal control Risk Management process. A separate internal control team is in place to ensure effective performance of internal control activities.
- Reviewed the reliability and consistency of the financial statements of the Company to ensure that the internal control and compliance procedures are adequate to present a true and fair view of the Company's state of affairs for the year 2016.
- Reviewed the appointment of external auditors.
- Reviewed the annual, half-yearly and quarterly accounts statements of the Company and its subsidiaries before submission to the Board for approval.

The members of the Audit Committee express their thanks to the Board of Director and the management of Asia Insurance Limited for their relentless support while performing its duties and responsibilities.

Zakir Ahmed Khan
Chairman
Audit Commttee

Corporate Governance

Every Company has its vision and mission in corporate system to achieve the goal through accountability, responsibility, transparency, fairness for the best interest of stakeholders those should have been in corporate governance. Asia Insurance Limited is the top listed non-life insurance Company of our country. The Board of Director of Asia Insurance Limited has the major role to ensure the corporate governance by providing policy making to the management for implementation. The Board of Director of Asia Insurance Limited formulates the Vision, Objective and strategic goals to safeguard the interest of client, service provider, regulatory bodies, shareholders and employees. The Chief Executive Officer (CEO) implements the decision of the Board to establish high standard of corporate governance. Asia Insurance Limited trust that its corporate governance practice comply with all the aspects of BSEC Notification no: BSEC/CMMRRCD/2006-158/129/Admin/43, Dated: 03 July, 2012.

Composition of the Board:

The Board consists of 13 Directors of which 9 are sponsor Directors, 3 are public Shareholder Directors and 1 is independent Director. They possess a wide range of skills, talencies and quite experience over a range of professions, business and services. They discharge their responsibilities and duties under the existing law efficiently and effectively. The Board is fully empowered to control over the Company's affairs and is entirely accountable to the shareholders. The Board formulates the strategic objectives, policy framework and assesses the performance of management.

Role and responsibilities of the Board:

The Board of Asia Insurance Limited exercises the following functions as per charter of the Board.

- To determine strategies, policies, management performance criteria and business plan along with monitoring and evaluating of the same.
- Reporting on the affairs, progress and performance of the Company to the shareholders timely and periodically.
- Delegation of power to Board committee and management and approval of transaction in excess of delegated power.
- Approval of Annual Budget of all expenditure including capital ones.
- Ensuring of necessary skill and experience of the senior executives to perform their function efficiently for the sake of best interest of the Company.

Role of the Chairman:

The Chairman is the Head of the Board and he runs the Board. He takes decision regarding any matter in consultation with the Board members. The Chairman determines composition and organization of the Board. He informs the Board regarding its management and responsibilities. The Chairman also plan and manage the Board and committee meetings. He has also the responsibilities to develop the effectiveness of the Board.

Role of the Chief Executive Officer (CEO):

The Chief Executive Officer takes executives decision within the jurisdiction of power delegated and empowered by the Board . His duties and responsibilities are also followed by guideline of IDRA. The CEO is engaged in the day-today affairs of the Company. He is responsible to implement the Board strategy and policy and accountable to the Board for operational activities of the Company.

AMAR STOCK

Compliance Report to BSEC Notification

Status of compliance with the conditions imposed by the Bangladesh Securities and Exchange Commission's Notification No.SEC/CMRRCD/2006-158/134/Admin/44dated 07 August, 2012 issued under section 2CC of the Securities and Exchange Ordinance, 1969:

Condition No	Title Complied	Compliance status (Put √ in the appropriate column)		Remarks (if any)
		Not complied		
1	**BOARD OF DirectorS:**			
1.1	**Board's Size [number of Board members to be 5 - 20]**	**√**		
1.2	**Independent Directors**			
1.2 (i)	Number of Independent Directors [at least 1/5]	-	-	Appointed 1 Independent Director and to follow the Insurance ACT'2010 & Complience of BSEC notification another Independent Director appoinments are under porcess.
1.2(ii)	Independent Director (ID) means a Director:	√		
1.2(ii)(a)	Holding no share or holding less than 1% shares	√		
1.2 (ii) (b)	Not being a sponsor and connected with any sponsor or Director or shareholder holding 1% or more shares	√		
1.2 (ii) (c)	Not having any pecuniary or otherwise relationship with the Company or its subsidiary/associated companies	√		
1.2 (ii) (d)	Not being member/Director/officer of any stock exchange	√		
1.2 (ii) (e)	Not being shareholder/Director/officer of any member of stock exchange or intermediary of capital market	√		
1.2 (ii) (f)	Not being partner/executive at present or during the preceding 3 years of the Company's statutory audit firm	√		
1.2 (ii) (g)	Not being an ID in more than 3 listed companies	√		
1.2 (ii) (h)	Not convicted as defaulter in any loan of a bank or NBFI	√		
1.2 (ii) (i)	Not convicted for a criminal offence	√		
1.2 (iii)	To be appointed by BOD and approved in the AGM	√		
1.2 (iv)	The post cannot remain vacant for more than 90 days	-		No such situation occurred
1.2 (v)	Laying down of code of conduct of Board members and recording of annual compliance of the code	√		
1.2 (vi)	Tenure of ID : 3 years, may be extended for one term	√		

Condition No	Title	Complied	Compliance status (Put √ in the appropriate column) Not complied		Remarks (if any)
1.3	**Qualification of Independent Director**				
1.3 (i)	Being knowledgeable, having integrity, ability to ensure compliance with laws and make meaningful contribution	√			
1.3 (ii)	Being a Business Leader/ Corporate Leader/ Bureaucrat/ University Teacher Economics/Business/Law)/CA/ CMA/CS having 12 years of management/professional experience	√			
1.3 (iii)	Prior approval of the Commission in special cases	-		-	No Such event occurred.
1.4	**Appointment of Chairman and CEO, defining their roles**	**√**			
1.5	**The Director's Report to Shareholders shall include**				
1.5 (i)	Industry outlook and possible future developments	√			
1.5 (ii)	Segment-wise or product-wise performance	√			
1.5 (iii)	Risks and concerns	√			
1.5 (iv)	Discussion on COGS, Gross Profit and Net Profit Margins	√			
1.5 (v)	Discussion on continuity of Extra-Ordinary gain or loss	-		-	No Such Item Exists.
1.5 (vi)	Basis for and a statement of related party transactions	√			
1.5 (vii)	Utilization of proceeds from issuing instruments	-		-	No Such Item Exists.
1.5(viii)	Explanation, if the financial results deteriorate after going for IPO, RPO, Right Offer, Direct Listing, etc	-		-	No Such Event occurred.
1.5(ix)	Explanation about significant variance between Quarterly Financial performance and Annual Financial Statements	√			
1.5(x)	Remuneration to Directors including IDs	√			
1.5(xi)	Fair presentation in financial statements	√			
1.5(xii)	Maintaining proper books of accounts	√			
1.5(xiii)	Consistent application of appropriate accounting policies, and accounting estimates being reasonable and prudent	√			
1.5(xiv)	Following applicable IAS/BAS/IFRS/BFRS, and adequate disclosure for any departure there-from, if any	√			
1.5(xv)	Soundness and monitoring of internal control system	√			
1.5(xvi)	Statement regarding ability to continue as going concern	√			
1.5(xvii)	Significant deviations from last year's operating results	√			
1.5 (xviii)	Summary of key operating/financial data of last 5 years	√			
1.5(xix)	Reason for non declaration of Dividend	-		-	Divident Diclared
1.5(xx)	Number of Board meetings and attendance of Directors	√			
